# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য আবশ্যক হলো রুকূ‘ থেকে মাথা উঠানোর সময় ব্যতীত প্রত্যেকবার মাথা উঠানো-নোয়ানোর সময় তাকবীর দেওয়া

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ عَلَى الْمَرْءِ التَّكْبِيرَ فِي كُلِّ خَفْضٍ وَرَفْعٍ مِنْ صَلَاتِهِ خَلَا رَفْعِهِ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ

আরবী

1764 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا حِبَّانُ بْنُ مُوسَى قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ بْنُ يَزِيدَ عَنِ الزُّهْرِيِّ عَنْ أَبِي سَلَمَةَ: أَنَّ أَبَا هُرَيْرَةَ حِينَ اسْتَخْلَفَهُ مَرْوَانُ عَلَى الْمَدِينَةِ كَانَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ الْمَكْتُوبَةِ كَبَّرَ ثُمَّ يُكَبِّرُ حِينَ يَرْكَعُ فَإِذَا رَفَعَ رَأْسَهُ مِنَ الرُّكُوعِ قَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا وَلَكَ الْحَمْدُ ثُمَّ يُكَبِّرِ حِينَ يَهْوِي سَاجِدًا ثُمَّ يُكَبِّرِ حِينَ يَقُومِ بَيْنَ الثِّنْتَيْنِ بَعْدَ التَّشَهُّدِ ثُمَّ يَفْعَلُ مِثْلَ ذَلِكَ حَتَّى يَقْضِيَ صَلَاتَهُ فَإِذَا قَضَى صَلَاتَهُ وَسَلَّمَ أَقْبَلَ عَلَى أَهْلِ الْمَسْجِدِ فَقَالَ: وَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنِّي لَأَشْبَهُكُمْ صَلَاةً بِرَسُولِ الله صلى الله عليه وسلم

الراوي : أَبُو سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1764 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (788)

قَالَ سَالِمٌ: وَكَانَ ابْنُ عُمَرَ يَفْعَلُ مِثْلَ ذَلِكَ غَيْرَ أَنَّهُ كَانَ يَخْفِضُ صَوْتَهُ بِالتَّكْبِيرِ.

বাংলা

১৭৬৪. আবূ সালামা (রহ.) থেকে বর্ণিত, তিনি বলেন, “যখন মারওয়ান আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহুকে মদীনায় দায়িত্বশীল হিসেবে নিযুক্ত করেন, তখন তিনি যখন ফরয সালাতের জন্য দাঁড়াতেন, তাকবীর দিতেন, তারপর রুকূ‘ করার সময় তাকবীর দিতেন, যখন রুকূ‘ থেকে মাথা উত্তলন করতেন, বলতেন, سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ رَبَّنَا

وَلَكَ الْحَمْدُ (আল্লাহ শ্রবন করেন, যে তাঁর প্রশংসা করে, হে আমাদের প্রভু, আপনার জন্য সমস্ত প্রশংসা), তারপর যখন তিনি সাজদা করার জন্য ঝুঁকতেন, তাকবীর দিতেন, যখন দ্বিতীয় রাকা‘আতে তাশাহহুদের পর উঠতেন, তারপর সালাত শেষ করা পর্যন্ত এরকমই করতেন। তারপর যখন তিনি সালাত শেষ করতেন ও সালাম ফেরাতেন, তখন মাসজিদের মুসল্লীদের মুখোমুখী হতেন এবং বলতেন, “ঐ সত্তার কসম, যার হাতে রয়েছে আমার প্রাণ, নিশ্চয়ই আমি তোমাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে সবচেয়ে বেশি সাদৃশ্যশীল সালাত আদায়কারী।”[1]

সালিম রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমাও অনুরূপ করতেন, তবে তিনি কিছুটা অনুচ্চ স্বরে তাকবীর দিতেন।”

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৭৬; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৮১; মুসনাদ আহমাদ: ২/২৩৬; সহীহ আল বুখারী: ৭৮৫; সহীহ মুসলিম: ৩৯২; নাসাঈ: ২/২৩৫; ইবনুল জারূদ, আল মুনতাকা: ১৯১; সুনান বাইহাকী: ২/৭৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২৪৮৫; আবূ দাউদ: ৮৩৬; সহীহ ইবনু খুযাইমাহ: ৫৭৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৪১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭৮৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90980

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন